



নিরাপত্তা স্বাভাবিক হওয়ায় ঢাকায় ভারতীয় ভিসা সেন্টারের কার্যক্রম শুরু



সংগৃহীত ছবি

নিরাপত্তাজনিত কারণে সাময়িকভাবে বন্ধ থাকা ঢাকার যমুনা ফিউচার পার্কের ভারতীয় ভিসা সেন্টার আবারও চালু হয়েছে। বৃহস্পতিবার সকাল থেকে ভিসা আবেদনসহ সব ধরনের সেবা নিয়মিতভাবে দেওয়া হচ্ছে।

ঢাকার যমুনা ফিউচার পার্কে অবস্থিত ভারতীয় ভিসা আবেদন কেন্দ্রের কার্যক্রম পুনরায় শুরু হয়েছে। নিরাপত্তা পরিস্থিতি বিবেচনায় সাময়িক বন্ধের পর বৃহস্পতিবার (১৮ ডিসেম্বর) সকাল থেকে কেন্দ্রটি স্বাভাবিকভাবে ভিসা সংক্রান্ত সেবা প্রদান করছে।

এর আগে 'জুলাই ঐক্য' নামে জুলাই গণঅভ্যুত্থানের সঙ্গে যুক্ত একাধিক সংগঠনের মার্চা ঢাকায় 'মার্চ টু ইন্ডিয়ান হাইকমিশন' কর্মসূচির ঘোষণা দেয়। মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ডপ্রাপ্ত শেখ হাসিনাসহ বিভিন্ন হত্যাকাণ্ডে জড়িতদের দেশে ফিরিয়ে আনা এবং ভারত-সমর্থিত রাজনৈতিক তৎপরতা ও সরকারি পর্যায়ের ভূমিকার প্রতিবাদে এ কর্মসূচি আহ্বান করা হয়।

উক্ত কর্মসূচিকে কেন্দ্র করে সম্ভাব্য নিরাপত্তা ঝুঁকি বিবেচনায় বুধবার (১৭ ডিসেম্বর) দুপুর ২টা থেকে ভিসা সেন্টারের কার্যক্রম স্থগিত রাখা হয়। পরে পরিস্থিতি স্বাভাবিক হওয়ায় কর্তৃপক্ষ আজ থেকে পুনরায় ভিসা আবেদন গ্রহণ ও অন্যান্য সেবা চালু করার সিদ্ধান্ত নেয়।

এদিকে একই দিনে বাংলাদেশে সামগ্রিক নিরাপত্তা পরিস্থিতি নিয়ে উদ্বেগ জানিয়ে দিল্লিতে অবস্থিত বাংলাদেশের হাইকমিশনারকে তলব করে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়।